

জমে উঠেছে চট্টগ্রামে ভর্তিযুদ্ধ

বিভিন্ন বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যাপী :
বন্দর নগরী চট্টগ্রামের সরকারি উচ্চ
বিদ্যালয়গুলোতে ভর্তিযুদ্ধ জমে উঠেছে।
শনিবার ঢক হওয়া ভর্তিযুদ্ধ ১৮ই জানুয়ারি
পর্যন্ত চলবে। এ ভর্তিযুদ্ধ নিয়ে কোমলমতি
ছাত্র-ছাত্রীদের পাশাপাশি অভিভাবকরাও ছিল
উদ্বেগ-উৎকণ্ঠিত। নগরীর ১২টি সরকারি উচ্চ

বিদ্যালয়ে ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম
শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। ১ হাজার
৯শ' ২০টি আসনের বিপরীতে প্রায় ১৫
হাজার ৫শ' শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অর্ন্তীর্ণ
হয়েছে বলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
পরিদপ্তর সূত্রে জানা গেছে।

পরীক্ষা চলাকালে গতকাল নগরীর
ব্যক্তিগত সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম
কলেজিয়েট স্কুল, ডা. খানসাহাব সরকারি
বালিকা উচ্চ বিদ্যালয় ও চট্টগ্রাম সরকারি
উচ্চ বিদ্যালয় সরকারি মূর্তে দেখা গেছে,
ভেতরে পরীক্ষার্থীর ভুলনায় বাহিরে
অভিভাবকদের ভিড় ছিল লক্ষণীয়।